

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
চারঘাট, রাজশাহী
www.acl.charghat.rajshahi.gov.bd

স্মারক নং- ৩১.৪৩.৮১২৫.০০৫.০২.০০২.২৫- ১৬০ ২

তারিখ: ০২ কার্তিক, ১৪৩২
১৭ নভেম্বর, ২০২৫

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ের অন্তর্গত চারঘাট উপজেলার মোস্তারপুর মৌজার পাকিয়ান পাড়া গ্রামে ৪৯৯৯ দাগে অবস্থিত একটি শিশু গাছের নিলাম ডাক আগামী ১৯/১১/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় সহকারী কমিশনার (ভূমি), চারঘাট, রাজশাহী এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

নিলাম ডাকের শর্তাবলী:

- ক) প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণকারীকে ৫০০ টাকা নাজির কাম-ক্যাশিয়ারের নিকট অগ্রিম জামানত হিসেবে জমা দিয়ে ডাকে অংশগ্রহণ করতে হবে (ফেরতযোগ্য)।
- খ) নিলাম ডাক গ্রহণ কার্যক্রম শেষ হওয়ার সাথে সাথে ডাকের সমুদয় টাকা এবং তৎসহ ১০% আয়কর ও ১৫% ভ্যাটসহ জমা দিতে হবে।
- গ) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ/ কার্যাদেশ না পাওয়া পর্যন্ত গাছসমূহ স্থানান্তর করা যাবে না।
- ঘ) নিলাম ডাকের সমুদয় গাছ নিজ খরচে অপসারণ করতে হবে।
- ঙ) নিলাম ডাকের গাছসমূহ নির্দিষ্ট স্থান হতে অপসারণের আগ পর্যন্ত বিক্রি বা কারো নিকট হস্তান্তর করা যাবে না।
- চ) কর্তৃপক্ষ যেকোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন সময় যেকোনো নিলাম ডাক বাতিল বা আংশিক পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ছ) নিলাম ডাকে একটি প্রাক্কলিত মূল্য নির্ধারিত থাকবে যা বেজ প্রাইস বা সর্বনিম্ন মূল্য হিসেবে বিবেচিত হবে।
- জ) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের নাজির কাম ক্যাশিয়ার জনাব লুৎফর আলম সোহান, একজন উপযুক্ত জনপ্রতিনিধি ও ২ জন গণ্যমান্য ব্যক্তি নিলাম অনুষ্ঠানটি পরিচালনা করবেন।

২। আগ্রহী ব্যক্তিগণকে ধার্য তারিখ ও সময়ে অনুষ্ঠিতব্য নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।



মোঃ রাহাতুল করিম মিজান
সহকারী কমিশনার (ভূমি)
চারঘাট রাজশাহী
মোবাইল- ০১৭৬৫১৫২০২৫

aclandcharghat@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। জেলা প্রশাসক, রাজশাহী (সদয় অবগতির জন্য);
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব), রাজশাহী (সদয় অবগতির জন্য);
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী (সদয় অবগতির জন্য);
- ৪। উপজেলা প্রকৌশলী, চারঘাট, রাজশাহী;
- ৫। অফিসার ইনচার্জ, চারঘাট মডেল থানা, রাজশাহী;
- ৬।.....